



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

পরিপালন বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮২৫২৪, ই-মেইলঃ dgmcompliance@krishibank.org.bd

নং-প্রকা/পরিপালন/বাংব্যাঃপঃ-পঅক/২০২২-২০২৩/১২৮৭(১১০৮)

তারিখঃ ২৮.০৯.২০২২ খ্রি.

বিষয়ঃ ঋণ খেলাপিগণ যাতে জনগণের আমানত ঋণানত করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ৩০.০৮.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮১৪তম সভায় ঋণ খেলাপিগণ যাতে জনগণের আমানত ঋণানত করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো :

- ঋণ প্রস্তাব বিবেচনার সময় উদ্যোক্তা নির্বাচনের বিষয়ে ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর পরিচ্ছেদ নং-০২, অনুচ্ছেদ-২.০২ এ প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ;
- ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর পরিচ্ছেদ-০৬, অনুচ্ছেদ-৬.০৪ এ বর্ণিত প্রকল্প ঋণ আবেদনের চেকলিস্ট এবং পরিচ্ছেদ-০৭, অনুচ্ছেদ-৭.০৩ এ বর্ণিত নগদ/চলতি মূলধন ঋণের চেকলিস্ট যথাযথভাবে অনুসরণ;
- ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর পরিচ্ছেদ-২২, অনুচ্ছেদ-২২.১৩ এর নির্দেশনা মোতাবেক ব্যাংক ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর পরিচ্ছেদ নং-২৮ এর নির্দেশনা মোতাবেক ঋণ তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ এর যথাযথ কার্যক্রম গ্রহণপূর্বক ঋণ খেলাপি রোধে কার্যকর ভূমিকা পালন;
- ঋণ বিতরণের পূর্বে প্রতিষ্ঠান ও এর মালিকগণের দায়দেনার সঠিক তথ্য অন্তর্ভুক্তপূর্বক হালনাগাদ সিআইবি প্রতিবেদন গ্রহণ এবং ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে নিয়মিত হালনাগাদকরণ; বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে সময় সময় প্রতিষ্ঠান ও এর পরিচালকদের নামে অত্র ব্যাংকসহ অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কোন প্রকার শ্রেণীকৃত ঋণ নেই মর্মে নিশ্চিত হয়ে ঋণপত্র স্থাপন;
- ঋণ বিতরণের সময় পর্যাপ্ত জামানত গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও সংশ্লিষ্ট সার্কুলারসমূহের যথাযথ পরিপালন নিশ্চিতকরণ;
- ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর ০৮/০৬/২০২০ তারিখের পত্র নং-বিকেবি/প্রকা/আরএমডি-৪৪/২০১৯-২০২০/২৭৩১ এর নির্দেশনা অনুসরণপূর্বক ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অংকের মঞ্জুরি/নবায়নযোগ্য ঋণের Risk Rating এর জন্য External Credit Rating Agency এর মাধ্যমে রেটিং সম্পাদন করে প্রতিবেদন গ্রহণ;
- ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর ৩০/০৬/২০২০ তারিখের পত্র নং-বিকেবি/প্রকা/আরএমডি-৪৪/২০১৯-২০২০/২৯২৯(১২৫০) এর নির্দেশনা অনুসরণপূর্বক ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অংকের ঋণ মঞ্জুরি/নবায়নযোগ্য ঋণের বিপরীতে জামানতি সম্পত্তি তালিকাভুক্ত সার্ভেয়ার/সার্ভে কোম্পানি কর্তৃক মূল্যায়ন করে মূল্যায়নকৃত প্রতিবেদন গ্রহণ নিশ্চিতকরণ;
- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১৯, তারিখ-৩১/১০/২০১৯ এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ১৪/১১/২০১৯ তারিখের পত্র নং-প্রকা/আরএমডি-২(ICRRS)/২০১৯-২০২০/১১৭৭(১২৫০) মোতাবেক প্রধান কার্যালয় পর্যায়ে ঋণ নবায়ন, নতুন ঋণ বা লিমিট প্রস্তাব এবং বর্ধিত মঞ্জুরির ক্ষেত্রে ICRRS প্রতিবেদন যাচাই পূর্বক প্রধান ঝুঁকি কর্মকর্তা (CRO) এর অনুমোদন গ্রহণ;
- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২২/২০১৮, তারিখ-০১/১০/২০১৮ মোতাবেক ২.০০ (দুই) কোটি টাকার উর্ধ্বে নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে মহাব্যবস্থাপক/হেড অব আইসিসি'র মতামত গ্রহণ;
- নিয়ন্ত্রণকারী মাঠ কার্যালয়, প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি ও ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে পর্ষদ কর্তৃক অনুমোদিত সিদ্ধান্ত/শর্তসমূহ শাখা পর্যায়ে বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- মঞ্জুরীপত্র জারীর পূর্বে প্রস্তাবিত জামানত সম্পত্তির হালনাগাদ Non-Encumbrance Certificate সংগ্রহসহ মালিকানা সত্ত্ব ও দখল সম্পর্কে নিশ্চিত হওয়া ও দলিলায়নকালে জামানতি সম্পত্তির সকল মূল দলিলপত্র ও চেইন অব ডকুমেন্টস্ সংক্রান্ত সকল দলিলাদি/পত্রী গ্রহণপূর্বক শাখায় যথাযথভাবে সংরক্ষণ এবং ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে “শাখার নিকট দায়বদ্ধ” মর্মে সাইনবোর্ড লাগানো নিশ্চিতকরণ;
- এলসি স্থাপনের ক্ষেত্রে বিদ্যমান আমদানী রপ্তানী নীতিমালা, গাইড লাইনস ফর ফরেন এক্সচেঞ্জ ট্রান্সজেকশনস (২০১৮) (GFET-2018) ও UCPDC-৬০০ এ বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ ও পরিপালনসহ বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলারে বর্ণিত নিয়মনীতি অনুসরণ ও পরিপালন;
- এলসি স্থাপনের পূর্বে ইনভয়েস মূল্য যাচাই করা যাতে আভার ইনভয়েসিং ও ওভার ইনভয়েসিং না হয় এবং আমদানীকৃত পণ্যের স্থানীয় চাহিদা ও বাজার মূল্য যাচাই করা;


০০৮

০০৮

চলমান পাতা-০২

- ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপনের পূর্বে রপ্তানি এলসি সংশ্লিষ্ট বিদেশী ক্রেতার/সরবরাহকারীর হালগানাগাদ সন্তোষজনক ক্রেডিট রিপোর্ট গ্রহণ এবং বিদেশী/স্থানীয় সরবরাহকারীর সক্ষমতা ও গ্রহণযোগ্যতার বিষয়ে শাখাকে নিশ্চিত হওয়া, প্রয়োজনে সংশ্লিষ্ট বিদেশী ব্যাংকের গ্রহণযোগ্যতার বিষয়ে নিশ্চিতকরণ;
- ঋণগ্রহীতা ও উদ্যোক্তা প্রতিষ্ঠানের ঋণ কার্যক্রম ও আমদানি রপ্তানি কার্যক্রম অত্যন্ত সতর্কতার সাথে পর্যালোচনা করা এবং বিভাগীয় কার্যালয় কর্তৃক যথাযথ তদারকিপূর্বক ঋণের সদ্যবহারের মাধ্যমে ঋণ আদায় নিশ্চিতকরণ;
- বড় ঋণগুলি(এক কোটি ও তদুর্ধ্ব) মনিটরিং এর জন্য বিভাগীয় কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় পর্যায়ে পৃথক সেল গঠন;
- ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে শাখার বৃহদাংকের ঋণগ্রহীতাদের সাথে মাসে কমপক্ষে ০১(এক) বার সভার আয়োজন করা;
- অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে ঋণ হিসাব বন্ধ করতঃ ব্যাংকের আয় বৃদ্ধি নিশ্চিতকরণসহ মামলা হ্রাসকরণ;
- অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর আওতায় মামলা দায়েরের পূর্বে এ আইনের ১২ ধারা অনুযায়ী বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের মাধ্যমে ঋণের টাকা আদায়/সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ এবং খেলাপী/শ্রেণীকৃত ঋণের পাওনা আদায়ের সকল প্রচেষ্টা ব্যর্থ হলে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারা মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে দায়েরযোগ্য অর্থ ঋণ মামলা দায়েরের পদক্ষেপ গ্রহণ;
- অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর অধীনে ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলায় উক্ত আইনের ২২-২৫ ধারা মোতাবেক মামলা বিচার্যধীন থাকাকালে, ৩৮ ধারা মোতাবেক জারী মামলার পর্যায়ে, ৪৪ক ধারা মতে আপিল/রিভিশন মামলা বিচার্যধীন থাকাকালে এবং ৪৫ ধারার বিধান মোতাবেক মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ;
- আদালত এবং ব্যাংকের প্রচলিত বিধি বিধান সম্পর্কিত সম্যক ধারণা/সচেতনতা বৃদ্ধিসহ মামলা দায়ের ও দায়েরকৃত মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীদের সাথে ব্যাংকের মামলা সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নিয়মিত ও নিবিড় যোগাযোগ রক্ষা করা, এছাড়া মামলা তদারকির জন্য প্রত্যেক বিভাগীয় কার্যালয়/কর্পোরেট শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/শাখায় একজন অভিজ্ঞ কর্মকর্তাকে নিয়োজিত করতঃ সংশ্লিষ্ট সকল অর্থঋণ মামলার জোর তদারকির ব্যবস্থা গ্রহণ; এবং
- শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা/বিভাগীয় কার্যালয় এর নিবিড় ও নিয়মিত পরিবারণের মাধ্যমে ঋণের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

০৩। এমতাবস্থায়, গত ৩০.০৮.২০২২ খ্রি.তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮১৪তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক খেলাপি ঋণ গ্রহীতাগণ যাতে জনগণের আমানত খেয়ানত না করতে পারে সেজন্য উপরোক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


 ২০২২
 (এএইচএম মাহবুবুল বাসেত ভূঞা)
 উপমহাব্যবস্থাপক

বিতরণঃ


- ১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/পরিপালন/বাঃব্যাঃপঃ-পঅক/২০২২-২০২৩/২২৮৩(১০০)

তারিখঃ ২৮.০৯.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আলোচ্য বিষয়ে মাঠ পর্যায়ে প্রদত্ত নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণে নিয়মিতভাবে মনিটরিং এর জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহকে অনুরোধ করা করা হলো।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। নথি।


 ২৮.০৯.২০২২
 (এ.কে.এম. জাহিদুল ইসলাম)
 সহকারী মহাব্যবস্থাপক